সিনিয়র সিস্টেম এনালিস্ট
- সিস্টেম এনালিস্ট/ সিনিয়র প্রোগ্রামার
- প্রোগ্রামার
- মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার
- সঃমেঃ ই-১/ সঃমেঃই-২
- নথি

ডাইরি নং.....................

তারিখ...01/09/2021

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
প্রশাসন শাখা
www.rthd.gov.bd

**জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী এবং স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদযাপন উপলক্ষে প্রণীত কর্মসূচির বাস্তবায়ন অগ্রগতি বিষয়ে অনলাইনে অনুষ্ঠিত পর্যালোচনা সভার কার্যবিবরণী**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মোঃ আবদুল্লাহ আল হাসান চৌধুরী<br>অতিরিক্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ |
| তারিখ ও সময় | : | ২৫ আগস্ট ২০২১ খ্রিস্টাব্দ, বেলা ৩.০০ ঘটিকা |
| স্থান | : | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের সম্মেলন কক্ষ |
| উপস্থিতি | : | পরিশিষ্ট-ক |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে এবং স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এঁর স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপনপূর্বক অনলাইনে (জুম এ্যাপস) সভার কার্যক্রম শুরু করেন। সভার শুরুতেই তিনি সর্বশেষ গত ১২-০১-২০২১ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত অনুযায়ী অগ্রগতির তথ্য উপস্থাপনের জন্য যুগ্মসচিব (প্রশাসন)'কে আহবান জানান। পাশাপাশি সংশ্লিষ্ট কমিটির আহবায়ক/সদস্য-সচিব ও এ বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থার সংশ্লিষ্ট প্রতিনিধিগণ'কে তাঁদের স্ব-স্ব বক্তব্য প্রদানের অনুরোধ জানান। যুগ্মসচিব (প্রশাসন) জানান যে, কোভিড-১৯ পরিস্থিতির ক্রমোন্নতির প্রেক্ষাপটে জন্মশতবার্ষিকী উদ্‌যাপনের মেয়াদ ১৬ ডিসেম্বর ২০২১ পর্যন্ত বর্ধিত হওয়ায় ইতোমধ্যে অবাস্তবায়িত কর্মসূচিসমূহের বাস্তবায়নের তারিখ পুন:নির্ধারণ করা হয়েছে। এ বিভাগ কর্তৃক গৃহিত ১৫টি কর্মপরিকল্পনা/কর্মসূচির মধ্যে ১০টি কর্মসূচি সম্পূর্ণ বাস্তবায়িত হয়েছে ও ০২টি কর্মসূচি আংশিক বাস্তবায়িত হয়েছে। অন্যদিকে অতিরিক্ত গৃহীত ০৮টি কর্মসূচির মধ্যে ০৭টি বাস্তবায়িত হয়েছে। তিনি আরো বলেন জাতীয় ও আন্তজার্তিক খ্যাতি সম্পন্ন ব্যক্তিদের নিয়ে সেমিনার আয়োজন, ডকুমেনটেশন, Audio Visual প্রিন্টিং তৈরির লক্ষ্যে অতিরিক্ত সচিব (আরবান ট্রান্সপোর্ট)'কে আহবায়ক করে ১৫ সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করা হয়েছে। স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী উদযাপনের কর্মসূচি গ্রহণ ও বাস্তবায়নের নিমিত্ত অতিরিক্ত সচিব (প্রশাসন)'কে আহবায়ক করে ১৩ সদস্য বিশিষ্ট কমিটি করা হয়। এছাড়াও গুচ্ছে অন্তর্ভূক্ত মন্ত্রণালয়/বিভাগসমূহের কর্মপন্থা নির্ধারণ করার জন্য অতিরিক্ত সচিব (উন্নয়ন)'কে আহবায়ক করে ১৩ সদস্য বিশিষ্ট ০১টি কমিটি গঠন করা হয়। ইতোমধ্যে অতিরিক্ত সচিব (উন্নয়ন) ও অতিরিক্ত সচিব (প্রশাসন) তাদের কমিটির কর্মসূচি নির্ধারণ করে প্রতিবেদন দাখিল করেছেন। গুচ্ছে অন্তর্ভূক্ত মন্ত্রণালয়/বিভাগসমূহের কর্মপন্থা নির্ধারণ সংক্রান্ত কমিটির প্রতিবেদন প্রধানমন্ত্রীর কার্যালয়ে প্রেরণ করা হয়েছে। প্রেরিত পত্রের প্রেক্ষিতে এখনো পর্যন্ত প্রধানমন্ত্রীর কার্যালয় হতে কোন মতামত পাওয়া যায়নি।

০২. অত:পর অনুষ্ঠানের সাথে সম্পর্কিত অবাস্তবায়িত কর্মসূচিসমূহ ধারাবাহিকভাবে আলোচনা হয় এবং নিম্নোক্ত সিদ্ধান্ত গ্রহণ করা হয়ঃ

| ক্রম | গৃহীত কার্যক্রম ও আলোচনা | তারিখ ও বাস্তবায়নের স্থান | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী সংস্থা ও কমিটি |
|---|---|---|---|---|
| ০১. | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ এবং আওতাধীন দপ্তর/সংস্থা'র দাপ্তরিক কাজে বঙ্গবন্ধুর স্মৃতি সম্বলিত **বিশেষ খাম** ব্যবহার করা হচ্ছে। আগামী ১৬-১২-২০২১ তারিখ পর্যন্ত খাম ব্যবহার অব্যাহত রাখার জন্য সভাপতি নির্দেশনা দেন। | ১৬/১২/২০২১ পর্যন্ত কার্যক্রম অব্যাহত থাকবে **(বাস্তবায়িত)** | বঙ্গবন্ধুর প্রতিকৃতি অঙ্কিত খাম মূদ্রণ ও ব্যবহার ১৬-১২-২০২১ তারিখ পর্যন্ত অব্যাহত রাখতে হবে। | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সওজ অধিদপ্তর, ডিটিসিএ, বিআরটিসি বিআরটিএ, ডিএমটিসিএল এবং মনিটরিং কমিটি-০২ |
| ০২. | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ এবং আওতাধীন দপ্তর/সংস্থা'র উদ্যোগে কেন্দ্রীয় **রক্তদান কর্মসূচি** পালন।<br><br>১৮-০৪-২০২০ তারিখে নির্ধারিত দিনব্যাপী রক্তদান কর্মসূচিতে অংশগ্রহণের জন্য সওজ হতে ১০০ জন, বিআরটিসি হতে ১০ জন, ডিটিসিএ হতে ০৭ জন, ডিএমটিসিএল হতে ২২ জন মোট ১৩৯ জনের তালিকা সংগ্রহ করে রক্তদান কর্মসূচি সফলভাবে বাস্তবায়নের জন্য কোয়ান্টাম ফাউন্ডেশন এর সাথেও যোগাযোগ করা হয়েছিল। রক্তদানের বিষয়টি বিভিন্ন মিডিয়ার মাধ্যমে ব্যাপক প্রচার করার বিষয়েও উদ্যোগ নেয়া হয়েছিল। কিন্তু কোভিড-১৯ পরিস্থিতির কারণে কর্মসূচিটি স্থগিত করা হয়। করোনা সংক্রমনের হার ১০% এর নিচে নামলে অক্টোবর ২০২১ এর ৩০ তারিখের মধ্যে এ কর্মসূচিটি বাস্তবায়নের জন্য সভাপতি পরামর্শ দেন। রক্তদান কর্মসূচিতে অংশগ্রহণকারীদের পুনরায় তালিকা করার বিষয়ে সকলে একমত পোষণ করেন। পুনঃনির্ধারিত তারিখে মাননীয় মন্ত্রী, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয় কর্মসূচিটি উদ্বোধন করতে পারেন। সে লক্ষ্যে প্রয়োজনীয় ব্যানার তৈরীসহ আনুষঙ্গিক কার্যক্রম গ্রহণ করতে হবে। | পুন:নির্ধারিত তারিখ ৩০ অক্টোবর ২০২১, স্থান: সড়ক ও জনপথ অধিদপ্তর প্রশিক্ষণ কেন্দ্র, মিরপুর, ঢাকা। | এ বিষয়ে প্রয়োজনীয় প্রস্তুতি রাখতে হবে। কোভিড-১৯ পরিস্থিতি স্বাভাবিক হলে পুনঃনির্ধারিত তারিখে কর্মসূচিটি পালন করতে হবে। | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সওজ অধিদপ্তর, ডিটিসিএ, বিআরটিসি বিআরটিএ, ডিএমটিসিএল এবং মনিটরিং কমিটি-০২ |

(অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য)

| ক্রম | গৃহীত কার্যক্রম ও আলোচনা | তারিখ ও বাস্তবায়নের স্থান | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী সংস্থা ও কমিটি |
|---|---|---|---|---|
| ০৩. | এ বিভাগ ও আওতাধীন দপ্তর/সংস্থা এর কর্মকর্তা/ কর্মচারিদের সন্তান-সন্ততিদের জন্য জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর আত্মজীবনী ও কীর্তি বিষয়ক **রচনা প্রতিযোগিতা** আয়োজন।<br><br>রচনা প্রতিযোগিতার বিষয় নিয়ে সভায় বিশদ আলোচনা হয়। এ বিষয়ে নোটিশ এ বিভাগ ও দপ্তর/সংস্থার ওয়েবসাইটে প্রকাশ এবং সরকারি ছুটির দিনে রচনা প্রতিযোগিতার আয়োজন করা হবে মর্মে সভায় আলোচনা করা হয়। সওজ হতে ৩৬ জন, বিআরটিসি হতে ১৮ জন, বিআরটিএ হতে ২০ জন প্রতিযোগিতায় অংশগ্রহণের ব্যাপারে আলোচনা হয়। প্রতিযোগিতার স্থান হিসেবে বিআরটিএ'র প্রধান কার্যালয়কে নির্বাচন করা হয়। সংস্থাসমূহ আগামী ২৫ অক্টোবর ২০২১ তারিখের মধ্যে তালিকা প্রস্তুত করে এ বিভাগ কর্তৃক গঠিত মনিটরিং কমিটি-২ এর আহবায়ক বরাবর প্রেরণ করবে এবং করোনা পরিস্থিতি স্বাভাবিক হলে ১৫ নভেম্বর ২০২১ তারিখের মধ্যে কর্মসূচিটি বাস্তবায়ন করার জন্য সভাপতি নির্দেশনা দেন। প্রাপ্ত রচনাগুলো সন্নিবেশ করে একটি ছোট আকারে প্রকাশনা তৈরির বিষয়টি সভায় আলোচনা হয়। | পুন:নির্ধারিত তারিখ ১৫ নভেম্বর/২০২১,<br>স্থান: বিআরটিএ সম্মেলন কক্ষ | • প্রতিযোগিদের তালিকা ২৫/০৯/২০২১ তারিখের মধ্যে এ বিভাগে প্রেরণ করতে হবে।<br>• প্রতিযোগিতার বিষয়বস্তু তাৎক্ষণিকভাবে নির্বাচন করা হবে।<br>• রচনা প্রতিযোগিতার নোটিশ ওয়েবসাইটে প্রকাশ করতে হবে।<br>• প্রাপ্ত রচনাগুলো সন্নিবেশ করে একটি প্রকাশনা তৈরি করতে হবে। | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সওজ অধিদপ্তর, ডিটিসিএ, বিআরটিসি বিআরটিএ, ডিএমটিসিএল এবং মনিটরিং কমিটি-০২ |
| ০৪. | মহাসড়ক নেটওয়ার্কের আওতাধীন গুরুত্বপূর্ণ মহাসড়কাংশ/ফ্লাইওভার/ সেতু/ইন্টারসেকশন/রেলওয়ে ওভারপাস সজ্জিতকরণ এবং সুবিধাজনক স্থানে বঙ্গবন্ধুর **প্রতিকৃতি/চিত্রকর্ম স্থাপন/প্রদর্শন।**<br><br>মহাসড়ক নেটওয়ার্কের আওতাধীন গুরুত্বপূর্ণ মহাসড়কাংশ/ফ্লাইওভার/ সেতু/ইন্টারসেকশন/রেলওয়ে ওভারপাস সজ্জিতকরণ বিষয়ে ঢাকা জোনের নবীনগর, সাইনবোর্ড, কুমিল্লা জোনের আলেখারচর, চট্টগ্রাম জোনের চাক্তাই, গোপালগঞ্জ জোনের ঘোনাপাড়া, খুলনা জোনের বয়রা মোড়, রংপুর জোনের রুপাতলী, মাটিডালি, সিলেট জোনের হুমায়ুন চত্তর, রাজশাহী জোনের বনপাড়া নামক ১০টি গুরুত্বপূর্ণ স্থানে সজ্জিত-করণের কাজ ইতোমধ্যেই সম্পন্ন হয়েছে বলে সভাকে অবহিত করা হয়। সড়ক ও জনপথ অধিদপ্তরের ঢাকা জোনের অতিরিক্ত প্রধান প্রকৌশলীর দপ্তরে বঙ্গবন্ধুর পতিকৃতি স্থাপন করা হয়েছে এবং বাংলাদেশ সেনাবাহিনী কর্তৃক পোস্তগোলা ব্রিজের আগে জুরাইনে বঙ্গবন্ধুর ভাস্কর্য স্থাপনের কাজ চলছে। সড়ক ভবনে বঙ্গবন্ধুর ভাস্কর্য স্থাপনের অনুমতি চাওয়া হলে বঙ্গবন্ধু মেমোরিয়াল ট্রাস্ট হতে ভাস্কর্যের পরিবর্তে মুর‍্যাল স্থাপনের অনুমতি পাওয়া গেছে। মুর‍্যাল স্থাপনের কাজ আগামী সেপ্টেম্বর মাসে শুরু করা হবে এবং ডিসেম্বর/২১ মাসের মধ্যে মুর‍্যাল স্থাপনের কাজ শেষ করা হবে মর্মে সওজ এর প্রতিনিধি সভাকে অবহিত করেন। | পুন:নির্ধারিত তারিখ ১৬/১২/২০২১ এর মধ্যে<br>**(আংশিক বাস্তবায়িত)** | • সড়ক ভবনে বঙ্গবন্ধুর মুর‍্যাল স্থাপনের কাজ নির্ধারিত তারিখে মধ্যে শেষ করতে হবে।<br>• পোস্তগোলা ব্রিজের আগে জুরাইনে বঙ্গবন্ধুর ভাস্কর্য স্থাপনের কাজ দ্রুত শেষ করতে হবে।<br>• নির্ধারিত সময়ে যাতে কর্মসূচিটি শেষ হয় সে বিষয়ে লক্ষ্য রাখতে হবে। | সওজ অধিদপ্তর এবং মনিটরিং কমিটি-০৩ |
| ০৫. | জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ এবং আওতাধীন দপ্তর/সংস্থা কর্তৃক দেশের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে **সড়ক নিরাপত্তা** বিষয়ে অবহিতকরণ।<br><br>জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে বিআরটিএ ও ডিটিসিএ কর্তৃক লিফলেট বিতরণ করা হয়েছে। করোনা পরিস্থিতির কারনে শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ থাকায় সড়ক নিরাপত্তা বিষয়ে নির্ধারিত কার্যক্রম বাস্তবায়ন কাজ বর্তমানে স্থগিত রয়েছে। গত ১২/০৩/২০২০ তারিখে ডিটিসিএ কর্তৃক বিসিএসআইআর স্কুলে সড়ক নিরাপত্তা বিষয়ক কর্মসূচি বাস্তবায়ন করা হয় এবং করোনা পরিস্থিতির মধ্যেও ডিটিসিএ কর্তৃক ০৭টি স্কুলের শিক্ষার্থী এবং অভিভাবকদের সড়ক নিরাপত্তা বিষয়ে অবহিত করা হয়েছে মর্মে ডিটিসিএ প্রতিনিধি জানান। শিক্ষা প্রতিষ্ঠান খোলার পর বছরব্যাপী প্রতি জেলায় ১টি করে প্রাইমারি স্কুল, হাই স্কুল, মাদ্রাসা ও কলেজে এবং ঢাকা উত্তর ও দক্ষিণ সিটি কর্পোরেশনের ০২টি শিক্ষা প্রতিষ্ঠানে ডিটিসিএ ও বিআরটিএ কর্তৃক এ কর্মসূচি বাস্তবায়নে সংশ্লিষ্টদের আন্তরিক হওয়ার জন্য সভাপতি পরামর্শ দেন। বিকল্প পন্থা হিসাবে সংশ্লিষ্টদের সাথে যোগাযোগ করে অনলাইনেও ভিডিও ক্লিপ দেখানোর মাধ্যমে কার্যক্রমটি অব্যাহত রাখার জন্য সভাপতি পরামর্শ দেন। | পুন:নির্ধারিত তারিখ সেপ্টেম্বর/২০২১ হতে ডিসেম্বর/২০২১ পর্যন্ত<br>**(আংশিক বাস্তবায়িত)** | শিক্ষা প্রতিষ্ঠান খোলার পর অথবা অনলাইনে ভিডিও ক্লিপ প্রদর্শনের মাধ্যমে নির্দেশনা মোতাবেক সারাদেশে বছরব্যাপি সড়ক নিরাপত্তা বিষয়ক কর্মসূচির বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। | বিআরটিএ, ডিটিসিএ এবং মনিটরিং কমিটি-০৫ |

(অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য)

| ক্রম | গৃহীত কার্যক্রম ও আলোচনা | তারিখ ও বাস্তবায়নের স্থান | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী সংস্থা ও কমিটি |
|---|---|---|---|---|
| ০৬. | পর্যটক ও ছাত্র/ছাত্রীদের জন্য হ্রাসকৃত ভাড়ায় নভোথিয়েটার ও বঙ্গবন্ধুর স্মৃতিবিজড়িত যাদুঘর/দর্শনীয় স্থানসমূহ পরিদর্শন ও শিক্ষা সফরের জন্য **বিআরটিসি বাস সার্ভিস চালু।**<br><br>ধানমন্ডির ৩২ নম্বরে অবস্থিত বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘর, জাতীয় জাদুঘর, আগারগাঁয়ে অবস্থিত মুক্তিযুদ্ধ জাদুঘর, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার-এ পর্যটক ও ছাত্র-ছাত্রীদের পরিদর্শন ও শিক্ষা সফরের সুবিধার্থে হ্রাসকৃত ভাড়ায় বর্ণিত তারিখে বিআরটিসি বাস সার্ভিস সেবা প্রদান বিষয়ে সর্বশেষ পরিকল্পনা সভায় উপস্থাপন করা হয়। ছাত্র-ছাত্রীদের অবহিত করার জন্য এ বিষয়ে পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ ও শিক্ষা মন্ত্রণালয়কে বিষয়টি অবহিত রাখা যথাযথ হবে মর্মে সভাপতি মন্তব্য করেন। বিআরটিসি প্রতিনিধি সভাকে অবহিত করেন যে শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ থাকায় কর্মসূচিটি বাস্তবায়ন সম্ভব হয়নি। শিক্ষা প্রতিষ্ঠান খোলার পর অভিভাবকদের সম্মতিক্রমে ১৬ ডিসেম্বর/২০২১ তারিখের মধ্যে কর্মসূচিটি বাস্তবায়নের প্রয়োজনীয় পদক্ষেপ নেয়া যেতে পারে মর্মে সভাপতি অভিমত পোষন করেন। | পুন:নির্ধারিত তারিখ শিক্ষাপ্রতিষ্ঠান খোলার পর ১৬ ডিসেম্বর/২০২১ মাসের মধ্যে অন্তত: দুই দিন | শিক্ষা প্রতিষ্ঠান খোলার পর শিক্ষার্থীদের অভিভাবকদের সম্মতিক্রমে নির্ধারিত তারিখসমূহের মধ্যে গৃহীত কর্মসূচি বাস্তবায়ন করার জন্য বিআরটিসি'কে প্রয়োজনীয় প্রস্তুতি রাখতে হবে। | বিআরটিসি এবং মনিটরিং কমিটি-০৪ |
| ০৭. | জাতীয় ও আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন ব্যক্তিদের নিয়ে ওয়ার্কশপ/সেমিনার আয়োজন এবং বঙ্গবন্ধুর সময়কালসহ বর্তমান সরকারের সকল উন্নয়ন কার্যক্রমের উপর Documentation (audio-visual এবং প্রিন্টিং) তৈরির লক্ষ্যে কর্মসূচিটি বাস্তবায়নের কার্যক্রম চলমান রয়েছে। জন্মশতবার্ষিকীর এ কর্মসূচিটির সাথে সুবর্ণ জয়ন্তীর audio-visual Documentation তৈরি কর্মসূচির সাদৃশ্য রয়েছে। এছাড়াও সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগকে Lead Ministry/Division করে গুচ্ছে অন্তর্ভুক্ত মন্ত্রণালয়/বিভাগসমূহের কর্মপন্থা নির্ধারণের বিষয়ে গঠিত কমিটি কর্তৃক দাখিলকৃত প্রতিবেদনের তিনটি টাইটেলের মধ্যে "জাতির পিতা বঙ্গবন্ধুর সোনার বাংলা : স্বপ্ন থেকে সমৃদ্ধির পথে" টাইটেলটির উপর সেমিনারের আয়োজন করলে জন্মশতবার্ষিকী ও স্বাধীনতার সুবর্ণ জয়ন্তীর এ কর্মসূচিটি সফলভাবে বাস্তবায়িত হবে বলে সভায় মত পোষণ করা হয়। সচিব মহোদয়ের সাথে আলোচনা করে আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন ব্যক্তিদের নিয়ে ওয়ার্কশপ/সেমিনার আয়োজন সংক্রান্ত এ বিভাগ কর্তৃক গঠিত কমিটির সাথে সেতু বিভাগ'কে নিয়ে বাস্তবায়নের বিষয়ে উপস্থিত সকলে মতামত দেন। | - | সচিব মহোদয়ের সাথে আলোচনা করে আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন ব্যক্তিদের নিয়ে এ বিভাগ থেকে গঠিত ওয়ার্কশপ/সেমিনার আয়োজন সংক্রান্ত কমিটি কর্মসূচিটি বাস্তবায়ন করবে। | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সওজ অধিদপ্তর, ডিটিসিএ, বিআরটিসি, বিআরটিএ ডিএমটিসিএল ও ডিবিআরটিসিএল |
| ০৮. | স্বাধীনতার সুবর্ণজয়ন্তীর অবাস্তবায়িত অবশিষ্ট কর্মসূচিগুলো যথারীতি নির্দিষ্ট সময়ের মধ্যে সমাপ্ত করার জন্য সভাপতি নির্দেশনা দেন। Audio Visual Documentary তৈরি, বিশেষ খাম ব্যবহার, সাইকেল র‍্যালি, কারাগারের রোজনামচা ও অসমাপ্ত আত্মজীবনী বই ২টি বিতরণ ও পাঠ প্রতিযোগিতা, নির্বাচিত লোগো সম্বলিত মগ, টি-শার্ট, কলম বিতরণ, ওয়েবসাইটে সুবর্ণজয়ন্তী কর্ণার স্থাপন, স্বাধীনতা দিবস, জাতীয় শোক দিবস ও বিজয় দিবস উপলক্ষ্যে আয়োজিত/গৃহীত রুটিন কর্মসূচিসমূহ এবং সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের আওতাধীন অধিদপ্তর/কর্তৃপক্ষ/সংস্থা/কোম্পানি কর্তৃক নিজস্ব কর্মসূচি গ্রহণ। | ১৬ ডিসেম্বর/২০২১ তারিখের মধ্যে | স্বাধীনতার সুবর্ণজয়ন্তীর অবশিষ্ট কর্মসূচিগুলো যথারীতি নির্দিষ্ট সময়ের মধ্যে সমাপ্ত করতে হবে। | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সওজ অধিদপ্তর, ডিটিসিএ, বিআরটিসি, বিআরটিএ ডিএমটিসিএল ও ডিবিআরটিসিএল |
| ০৯. | গুচ্ছের বিষয়ে প্রধানমন্ত্রীর কার্যালয়ে লিখিত পত্রের বিষয়ে এখনো পর্যন্ত কোন সিদ্ধান্ত পাওয়া যায়নি। তাই এ বিভাগ কর্তৃক গৃহীত কর্মসূচির আলোকে কার্যক্রম অব্যাহত রাখতে হবে। তবে এ বিষয়টি সচিব মহোদয়ের নজরে নেয়া হবে এবং প্রাপ্ত সিদ্ধান্তের আলোকে পরবর্তী কার্যক্রম গৃহীত হবে মর্মে সভায় সকলে একমত পোষন করেন। | - | এ বিভাগ কর্তৃক গৃহীত কর্মসূচির আলোকে কার্যক্রম অব্যাহত রাখতে হবে। তবে এ বিষয়টি সচিব মহোদয়ের নজরে নেয়া হবে এবং প্রাপ্ত সিদ্ধান্তের আলোকে পরবর্তী কার্যক্রম গৃহীত হবে। | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সওজ অধিদপ্তর, ডিটিসিএ, বিআরটিসি, বিআরটিএ ডিএমটিসিএল ও ডিবিআরটিসিএল |

(অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য)

০৩. এ বিভাগ কর্তৃক গৃহিত ১৫টি কর্মপরিকল্পনা/কর্মসূচির অতিরিক্ত ০৮টি কর্মসূচি গ্রহণ করা হয় তার মধ্যে ০৭টি কর্মসূচি বাস্তবায়িত হয়েছে ০১টি কর্মসূচি অবাস্তবায়িত রয়েছে, যা নিম্নরূপ:

| ক্রম | কার্যক্রম ও সিদ্ধান্ত | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী সংস্থা ও কমিটি |
|---|---|---|---|
| ০১. | **(ক) ওয়াকথন আয়োজন:** ডিটিসিএ কর্তৃক ঢাকা শহরে ছুটির দিনে সুশৃঙ্খলভাবে হাতিরঝিল এলাকায় ওয়াকথন আয়োজন;<br>**(খ) বাইসাইকেল র‍্যালী আয়োজন:** বাইসাইকেলযোগে একটি দল নির্ধারিত এলাকায় সাইক্লিং এর মাধ্যমে বিভিন্ন স্থানে বিরতি দিয়ে নিরাপদ সড়ক ব্যবহার করবে এবং এ সময় সড়ক পরিবহন আইন, ২০১৮ এর বিষয়েও মতবিনিময়;<br>**(গ) পথনাটক আয়োজন:** পথনাটকের মাধ্যমে সড়ক ব্যবহারকারীদের দায়িত্ব বিশেষ করে নিরাপদ সড়ক ব্যবহার, সড়কে নিরাপদ যাতায়াত ও সড়ক আইন সর্ম্পকে বার্তা প্রদান করা হবে। ডিটিসিএ অধিভুক্ত (ঢাকা, গাজীপুর, মুন্সিগঞ্জ, নারায়ণগঞ্জ, মানিকগঞ্জ ও নরসিংদী) প্রতিটি এলাকায় ০৩টি করে অর্থাৎ একটি স্কুল, একটি কলেজ/বিশ্ববিদ্যালয় এবং পাবলিক প্লেস (পার্ক/শহীদ মিনার/জনসমাগমস্থল) মোট ১৮টি স্থানে পথনাটক প্রদর্শন;<br>ডিটিসিএ এর প্রতিনিধি সভাকে অবহিত করেন যে, কোভিড-১৯ পরিস্থিতির কারনে ওয়াকথন, বাইসাইকেল র‍্যালী ও পথনাটক আয়োজন করা সম্ভব হয়নি। কোভিড-১৯ পরিস্থিতি স্বাভাবিক হলে ওয়াকথন, বাইসাইকেল র‍্যালী ও পথনাটক আয়োজনের বিস্তারিত পরিকল্পনা প্রণয়ন করে এ বিভাগের অনুমোদন গ্রহণ করার জন্য সভাপতি নির্দেশনা দেন। | কোভিড-১৯ পরিস্থিতি স্বাভাবিক হলে ওয়াকথন, বাইসাইকেল র‍্যালী ও পথনাটক আয়োজনের বিস্তারিত পরিকল্পনা প্রণয়ন করে এ বিভাগের অনুমোদন গ্রহণ করতে হবে। | ডিটিসিএ |

০৪. সকল ক্ষেত্রে অনুমোদিত ডিজাইন ও নির্ধারিত গাইডলাইন অনুসরণ করে পুন:নির্ধারিত সময়সূচি অনুযায়ী সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা কর্মসূচিসমূহ যথাযথভাবে বাস্তবায়ন করবে।

০৫. অতঃপর আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে তিনি সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত
২৯/৮/২১
(মোঃ আবদুল্লাহ আল হাসান চৌধুরী)
অতিরিক্ত সচিব

নং-৩৫.০০.০০০০.০০৮.২৩.০০১.২১-৮৭৭

তারিখ: ১৬ ভাদ্র ১৪২৮ / ৩১ আগস্ট ২০২১

<u>বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):</u>

০১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
০৩. প্রধান সমন্বয়ক, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এঁর জন্মশতবার্ষিকী উদযাপন জাতীয় বাস্তবায়ন কমিটি, ৫ম তলা, আন্তর্জাতিক মার্তৃভাষা ইনস্টিটিউট, ১/ক, সেগুনবাগিচা, ঢাকা-১০০০।
০৪. সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, পরিবহন পুল ভবন, সচিবালয় সংযোগ সড়ক, ঢাকা।
০৫. প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।
০৬. অতিরিক্ত সচিব (সকল), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
০৭. নির্বাহী পরিচালক, ডিটিসিএ, নগর ভবন, ঢাকা।
০৮. চেয়ারম্যান, বিআরটিএ, বিআরটিএ ভবন, নতুন বিমান বন্দর সড়ক, বনানী, ঢাকা।
০৯. চেয়ারম্যান, বিআরটিসি, পরিবহন ভবন, রাজউক এভিনিউ, ঢাকা।
১০. ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানী লিমিটেড (ডিএমটিসিএল), প্রবাসী কল্যাণ ভবন, ইস্কাটন গার্ডেন, ঢাকা।
১১. ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা বাস র‍্যাপিড ট্রানজিট কোম্পানি লিঃ, বাড়ী-০৪, রোড-২১, সেক্টর-০৪, উত্তরা, ঢাকা।
১২. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব (যুগ্মসচিব), সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়।
১৩. যুগ্মসচিব (সকল), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
১৪. জনাব মোহাম্মদ আব্দুর রৌফ, কোম্পানি সচিব (যুগ্মসচিব), ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানী লিমিটেড, (ডিএমটিসিএল), প্রবাসী কল্যাণ ভবন, ইস্কাটন গর্ডেন, ঢাকা।
১৫. জনাব শিশির কান্তি রাউৎ, অতিরিক্ত প্রধান প্রকৌশলী (ব্রীজ ম্যানেজমেন্ট), সওজ, তেজগাঁও, ঢাকা ও সদস্য সচিব।
১৬. জনাব মোহাম্মদ আবুল কালাম আজাদ, তত্ত্বাবধায়ক প্রকৌশলী (রক্ষণাবেক্ষণ), সওজ, তেজগাঁও, ঢাকা ও ফোকাল পয়েন্ট।

(অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য)

১৭. জনাব মোঃ জিকরুল হাসান, অতিরিক্ত প্রকল্প পরিচালক (তঃ প্রঃ), সাসেক সড়ক সংযোগ প্রকল্প, গুলশান, ঢাকা।
১৮. জনাব সুলতানা ইয়াসমীন, উপসচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ ও সদস্য-সচিব।
১৯. জনাব এস. এম. রেজাউল করিম, ট্রেনিং এ্যাডভাইজার (উপসচিব), ডিটিসিএ, নগর ভবন, ঢাকা ও ফোকাল পয়েন্ট।
২০. জনাব বিষ্ণু কুমার সরকার, জেনারেল ম্যানেজার (প্রশা: ও পার্সো:), বিআরটিসি, মতিঝিল, ঢাকা ও ফোকাল পয়েন্ট।
২১. জনাব শেখ মোহাম্মদ মাহবুব-ই-রব্বানী, পরিচালক (রোড সেফটি), বিআরটিএ ভবন, বিআরটিএ, বনানী, ঢাকা ও ফোকাল পয়েন্ট।
২২. সিনিয়র সিস্টেম এনালিস্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
২৩. জনাব মুহাম্মদ আব্দুর রহিম সুজন, সিনিয়র সহকারী সচিব (অডিট), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ ও সদস্য-সচিব।

০৩/০৮/২০২২

(মোহাঃ লিয়াকত আলী খান)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫৮৪১২৮, ফ্যাক্স: ৯৫৮৫১৩৮
ই-মেইল: sasadmin@rthd.gov.bd